**প্রশ্ন ২। রাওলাট আইন কি? ইহা কবে প্রকাশিত হয়?**

**উত্তর।** ১৯১৯ খ্রীষ্টাব্দের মার্চ মাসে রাওলাট আইন চালু হয়। এই আইনে বিনা বিচারে আটক করার নির্দেশ দেওয়া হয়।

**প্রশ্ন ৩। জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড কবে ঘটে? এই হত্যাকাণ্ডের প্রতিবাদে কে 'নাইট' উপাধি প্রত্যাখ্যান করেন?**

**উত্তর।** ১৯১৯ খ্রীষ্টাব্দের ১৩ই এপ্রিল পাঞ্জাবের জালিয়ানওয়ালাবাগে হত্যাকাণ্ড সংঘটিত হয়। এই হত্যাকাণ্ডের প্রতিবাদে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর 'নাইট' উপাধি ত্যাগ করেন।

**প্রশ্ন ৪। জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড কবে ঘটেছিল? উহার জন্য দায়ী ব্যক্তির নাম কি?**

**উত্তর।** ১৯১৯ খ্রীষ্টাব্দের ১৩ই এপ্রিল; এর জন্য দায়ী ছিলেন জেনারেল মাইকেল ও'ডায়ার।

**প্রশ্ন ৫। খিলাফত আন্দোলনের দুজন নেতার নাম বল।** ([redacted])

**উত্তর।** মৌলানা মহম্মদ আলি, মৌলানা শওকত আলি খিলাফত আন্দোলনের দুই স্থানীয় নেতা। এঁরা 'আলি ভ্রাতৃদ্বয়' নামে পরিচিত।

**প্রশ্ন ৬। স্বরাজ্য পার্টির দুইজন নেতার নাম উল্লেখ কর।**

**উত্তর।** দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, মতিলাল নেহরু।

**প্রশ্ন ৭। সাইমন-কমিশন কত খ্রীষ্টাব্দে ও কেন ভারতে আসে?**

**উত্তর।** ১৯২৮ খ্রীষ্টাব্দে ভারতীয়দের স্বায়ত্তশাসন লাভের যোগ্যতা অনুসন্ধানের জন্য স্যার জন সাইমনের নেতৃত্বে এই কমিশন ভারতে আসে।

**প্রশ্ন ৮। 'লাহোর কংগ্রেস' কেন বিখ্যাত? এতে সভাপতিত্ব কে করেন?**

**উত্তর।** ১৯২৯ খ্রীষ্টাব্দের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত লাহোর কংগ্রেসে ভারতীয় জাতীয় কংগ্রেস কর্তৃক পূর্ণ স্বাধীনতার প্রস্তাব গৃহীত হয়। এই অধিবেশনে সভাপতিত্ব করেন পণ্ডিত জহরলাল নেহরু।

**প্রশ্ন ৯। ডাণ্ডি কোথায় অবস্থিত? ডাণ্ডি অভিযান কি, কবে অনুষ্ঠিত হয়?**

**উত্তর।** ডাণ্ডি গুজরাটের সমুদ্র-উপকূলে অবস্থিত। ১৯৩০ খ্রীষ্টাব্দের ১২ই মার্চ গান্ধীজী ৭৮ জন সহযোগী নিয়ে সবরমতীর আশ্রম থেকে ডাণ্ডি অভিমুখে অভিযান শুরু করেন এবং সেখানে লবণ-আইন ভঙ্গ করেন।

**প্রশ্ন ১০। সীমান্ত গান্ধী কে ছিলেন? তাঁর স্বেচ্ছাসেবক বাহিনীর নাম কি ছিল?**

([redacted])

**উত্তর।** **খান আবদুল গফর খান** সীমান্ত গান্ধী নামে পরিচিত ছিলেন। আইন অমান্য আন্দোলনের সময় উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে পাঠান উপজাতিদের নিয়ে তিনি প্রতিরোধ সংগ্রাম গড়ে তোলেন। তাঁর স্বেচ্ছাসেবক বাহিনী **'খুদাই খিৎমদগার'** (ঈশ্বরের সেবক) নামে পরিচিত।

**প্রশ্ন ১১। "খুদাই খিৎমদগার" কথাটির অর্থ কি? এর নেতা কে ছিলেন?**

**উত্তর।** উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে **খান আবদুল গফর খানের** (সীমান্ত গান্ধী) নেতৃত্বে যে সত্যাগ্রহী দল গঠিত হয়, তাহা 'খুদাই খিৎমদগার' (ঈশ্বরের সেবক) নামে পরিচিত।

**প্রশ্ন ১২। সাম্প্রদায়িক বাঁটোয়ারা কে ঘোষণা করেন? এবং কখন?**

**উত্তর।** ব্রিটিশ প্রধানমন্ত্রী র‍্যামজে ম্যাকডোনাল্ড ১৯৩২ খ্রীষ্টাব্দের আগস্ট মাসে হিন্দুসমাজে বিভেদ আনবার জন্য সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতি ঘোষণা করেন।

**প্রশ্ন ১৩। 'পুণা-চুক্তি' কখন ও কাদের মধ্যে নিষ্পন্ন হয়?**

([redacted])

**উত্তর।** ১৯৩২ খ্রীষ্টাব্দের সেপ্টেম্বর মাসে পুণায় যারবেদা জেলে গান্ধীজীর অনশন

Scanned with CamScanner

ভঙ্গের জন্য বর্ণহিন্দু ও অনুন্নত সম্প্রদায়ের প্রতিনিধিরা যে চুক্তিতে আবদ্ধ হন, তাহাই "পুণা-চুক্তি" নামে খ্যাত। এই চুক্তি সম্পাদনের ক্ষেত্রে অনুন্নত সম্প্রদায়ের মুখ্য প্রতিনিধি ছিলেন বি.আর. আম্বেদকর।

**প্রশ্ন ১৪।** *'চৌরিচৌরার' ঘটনা কি? কবে হয়?*

**উত্তর।** ১৯২২ খ্রীষ্টাব্দের ৪ঠা ফেব্রুয়ারী উত্তরপ্রদেশের গোরক্ষপুর জেলার চৌরিচৌরায় উত্তেজিত জনতা পুলিশ থানা আক্রমণ করে এবং এই ঘটনায় ২২ জন পুলিশ নিহত হয়।

**প্রশ্ন ১৫।** *সীমান্ত-গান্ধী কাকে বলা হয়?* [redacted]

**উত্তর।** উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের দুর্ধর্ষ পাঠান নেতা খান আবদুল গফ্ফর খানকে "সীমান্ত গান্ধী" বলা হয়, কারণ তিনি গান্ধীজীর অহিংস সত্যাগ্রহের কর্মসূচী গ্রহণ করে সীমান্ত প্রদেশে শক্তিশালী আন্দোলন সংগঠিত করে।

**প্রশ্ন ১৬।** *ত্রিপুরী কংগ্রেসে কে সভাপতি হন? নির্বাচনে তিনি কাকে পরাস্ত করেন?* [redacted]

**উত্তর।** ১৯৩৯ খ্রীষ্টাব্দের মার্চ মাসে ত্রিপুরীতে অনুষ্ঠিত কংগ্রেসের অধিবেশনে সুভাষচন্দ্র বসু সভাপতিত্ব করেন। তিনি কংগ্রেস সভাপতি নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতায় গান্ধীজী মনোনীত প্রার্থী পট্টভি সীতারামাইয়াকে পরাজিত করেন।

**প্রশ্ন ১৭।** *আই. এন. এ. কে ও কোথায় প্রতিষ্ঠা করেন?* [redacted]

**উত্তর।** ১৯৪২ খ্রীষ্টাব্দে ক্যাপ্টেন মোহন সিং জাপানের হাতে বন্দী ভারতীয় সৈন্যদের নিয়ে আজাদ হিন্দ ফৌজ (Indian National Army) গঠন করেন। মালয়ে এই বাহিনী গঠিত হয়।

**প্রশ্ন ১৮।** *"মুক্তি-দিবস" কারা পালন করেন এবং কখন?*

**উত্তর।** ১৯৩৯ খ্রীষ্টাব্দের দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হলে যখন প্রাদেশিক মন্ত্রিসভাগুলি থেকে কংগ্রেস পদত্যাগ করে, তখন মহম্মদ আলি জিন্নার নির্দেশে মুসলিম লীগ 'মুক্তি-দিবস' (Deliverence Day) পালন করে।

**প্রশ্ন ১৯।** *গান্ধী-আরউইন চুক্তি কত সালে স্বাক্ষরিত হয়?*

**উত্তর।** ১৯৩১ খ্রীষ্টাব্দের মার্চ মাসে (৫ই মার্চ) বড়লাট আরউইনের সঙ্গে মহাত্মা গান্ধীর এই চুক্তি সম্পাদিত হয়। এই চুক্তি অনুসারে কংগ্রেস দ্বিতীয় গোলটেবিল বৈঠকে যোগদানের সিদ্ধান্ত গ্রহণ করে।

**প্রশ্ন ২০।** *কখন ও কোন্ অধিবেশনে মুসলিম লীগ পাকিস্তান প্রস্তাব গ্রহণ করে?* [redacted]

**উত্তর।** ১৯৪০ খ্রীষ্টাব্দের মার্চ মাসে (২৩শে মার্চ) লাহোরে অনুষ্ঠিত মুসলিম লীগের অধিবেশনে পাকিস্তান প্রস্তাব উত্থাপিত হয়।

**প্রশ্ন ২১।** *চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের নেতা কে ছিলেন? তিনি কি বিশেষ নামে পরিচিত?* [redacted]

**উত্তর।** সূর্য সেন চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের নেতা ছিলেন। এই দুঃসাহসিক কার্য ১৯৩০ খ্রীষ্টাব্দের ১৮ই এপ্রিল ঘটে। সূর্য সেন "মাস্টার দা" নামে পরিচিত ছিলেন।

**প্রশ্ন ২২।** *সুভাষচন্দ্র বসু ও এম. এন. রায় প্রতিষ্ঠিত পার্টি দুটির নাম কি?* [redacted]

**উত্তর।** সুভাষচন্দ্র বসু ১৯৩৯ খ্রীষ্টাব্দে **ফরওয়ার্ড ব্লক** গঠন করেন। এম. এন. রায় ১৯৪০ খ্রীষ্টাব্দে **র‍্যাডিক্যাল ডেমোক্রেটিক পার্টি** গঠন করেন।

**প্রশ্ন ২৩।** *আগস্ট আন্দোলন কোন্ বৎসর কোন্ তারিখে শুরু হয়?*

**উত্তর।** ১৯৪২ খ্রীষ্টাব্দের ৮ই আগস্ট জাতীয় কংগ্রেস 'ভারত ছাড়ো' প্রস্তাব গ্রহণ করলে ঐতিহাসিক আগস্ট আন্দোলন শুরু হয়।

Scanned with CamScanner

**প্রশ্ন ২৪।** *বিনয় বাদল দীনেশ কোথায় ও কখন হানা দেয়?*

**উত্তর।** ১৯৩০ খ্রীষ্টাব্দের ৮ই ডিসেম্বর বিনয় বসু, বাদল গুপ্ত ও দীনেশ গুপ্ত কলিকাতার রাইটার্স বিল্ডিং-এ হানা দেন।

**প্রশ্ন ২৫।** *সাইমন-কমিশন কবে ও কার নেতৃত্বে নিযুক্ত হয়?*

**উত্তর।** ১৯২৭ খ্রীষ্টাব্দে স্যার জন সাইমনের নেতৃত্বে এই কমিশন নিযুক্ত হয়।

**প্রশ্ন ২৬।** *'নেহরু রিপোর্ট' কি ও কবে রচিত হয়?*

**উত্তর।** ১৯২৮ খ্রীষ্টাব্দে পণ্ডিত মতিলাল নেহরুর সভাপতিত্বে এক সর্বদলীয় কমিটি গঠিত হয় । এই কমিটির রিপোর্ট 'নেহরু রিপোর্ট নামে পরিচিত।

**প্রশ্ন ২৭।** *ক্রীপস্-মিশন কবে ভারতে আসে? কে মিশনের সদস্য ছিলেন?*

**উত্তর।** ১৯৪২ খ্রীষ্টাব্দের মার্চ মাসে ক্রীপস্-মিশন ভারতে আসে। এই মিশনের একমাত্র সদস্য ছিলেন ব্রিটিশ মন্ত্রিসভার সদস্য স্যার স্ট্যাফোর্ড ক্রীপস্।

**প্রশ্ন ২৮।** *নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রতিষ্ঠা কখন হয়?*

**উত্তর।** ১৯২০ খ্রীষ্টাব্দে বোম্বাই-এ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস স্থাপিত হয়।

**প্রশ্ন ২৯।** *মীরাট ষড়যন্ত্র মামলা কি? কবে শুরু হয়?*

**উত্তর।** ১৯২৯ খ্রীষ্টাব্দের ২০শে মার্চ ৩১ জন কমিউনিস্ট কর্মী ও নেতাকে গ্রেপ্তার করে যে মামলা শুরু হয় তাহাই 'মীরাট ষড়যন্ত্র মামলা' নামে পরিচিত।

**প্রশ্ন ৩০।** *মীরাট ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত দুইজন শ্রমিক নেতার নাম কর?*

[redacted]

**উত্তর।** ১৯২৯ খ্রীষ্টাব্দের মার্চে মীরাট ষড়যন্ত্র মামলায় ৩৩জন শ্রমিক নেতা অভিযুক্ত হন। এদের মধ্যে ছিলেন এস. এ. ডাঙ্গে, মুজফ্ফর আহম্‌দ।

**প্রশ্ন ৩১।** *আজাদ হিন্দ সরকারের প্রতিষ্ঠা কবে হয় এবং কাহার নেতৃত্বে?*

**উত্তর।** নেতাজী সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে ১৯৪৩ খ্রীষ্টাব্দের ২১ অক্টোবর সিঙ্গাপুরে আজাদ হিন্দ সরকার প্রতিষ্ঠিত হয়।

**প্রশ্ন ৩২।** *আজাদ হিন্দ ফৌজ কর্তৃক অধিকৃত ব্রিটিশ ভারতের দুইটি স্থানের নাম লিখ?*

([redacted])

**উত্তর।** ডিমাপুর ও কোহিমা।

**প্রশ্ন ৩৩।** *ব্রিটিশ মন্ত্রী-মিশনের সদস্য কাহারা ছিলেন? কবে ভারতে আসেন?*

**উত্তর।** ১৯৪৬ খ্রীষ্টাব্দের মার্চ মাসে ভারত সচিব লর্ড পেথিক লরেন্স, ব্রিটিশ বাণিজ্য-সচিব স্যার স্ট্যার্ফোর্ড ক্রীপস্ ও নৌ-সচিব মিঃ এ. ভি. আলেকজাণ্ডার এই তিনজন সদস্য-বিশিষ্ট মন্ত্রি-মিশন ভারতে আসে।

**প্রশ্ন ৩৪।** *অন্তর্বর্তী সরকার কখন ও কার নেতৃত্বে গঠিত হয়?*

**উত্তর।** ১৯৪৬ খ্রীষ্টাব্দের ২রা সেপ্টেম্বর পণ্ডিত জওহরলাল নেহরুর নেতৃত্বে অন্তর্বর্তী সরকার প্রতিষ্ঠিত হয়।

**প্রশ্ন ৩৫।** *'প্রত্যক্ষ-সংগ্রাম' দিবস কবে অনুষ্ঠিত হয়? ঐ দিন কি কাণ্ড ঘটে?*

**উত্তর।** ১৯৪৬ খ্রীষ্টাব্দের ১৬ই আগস্ট ভারতীয় মুসলিম লীগ প্রত্যক্ষ-সংগ্রামের দিন ধার্য করেন। ঐদিন কলিকাতায় ব্যাপক সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা ও হত্যাকাণ্ড সংঘটিত হয়।

**প্রশ্ন ৩৬।** *ভারতবিভাগের ঘোষণা কবে হয়?*

**উত্তর।** ১৯৪৭ খ্রীষ্টাব্দের ৩রা জুন ভারতবিভাগের সিদ্ধান্ত গৃহীত হয়।

**প্রশ্ন ৩৭।** *ভারতের নৌ-সেনাবাহিনীর বিদ্রোহ কবে, কোথায় হয়?*

[redacted]

**উত্তর।** ১৯৪৬ খ্রীষ্টাব্দের ফেব্রুয়ারী মাসে (১৮-২৩) বোম্বাইতে ভারতীয় নৌ-বাহিনীর

নাবিকেরা বিদ্রোহে অবতীর্ণ হয়। এই বিদ্রোহ ক্রমে করাচী ও অন্যত্র সম্প্রসারিত হয় এবং প্রায় ২০,০০০ নাবিক অংশ গ্রহণ করে।

**প্রশ্ন ৩৮। *ভারতীয় স্বাধীনতা আইনের দুটি ধারা উল্লেখ কর।*** [redacted]

**উত্তর।** ১৯৪৭ সালের জুলাই মাসে ব্রিটিশ পার্লামেন্টে ভারতের স্বাধীনতা আইন পাশ হয়। এই আইন অনুসারে (১) **ভারত ও পাকিস্তান এই দুটি রাষ্ট্রের প্রতিষ্ঠা হবে।** (২) নতুন সংবিধান বলবৎ না হওয়া পর্যন্ত **১৯৩৫ খ্রীষ্টাব্দের ভারত শাসন আইন বহাল থাকবে।**

**প্রশ্ন ৩৯। *ভারত স্বাধীনতা আইন কখন ও কোথায় পাস হয়?***

**উত্তর। ১৯৪৭ খ্রীষ্টাব্দের ১৮ই জুলাই ব্রিটিশ পার্লামেন্টে** ভারতের স্বাধীনতা আইন (Indian Independence Act, 1947) পাস হয়।

**প্রশ্ন ৪০। *ভারতের সর্বশেষ ভাইস্‌রয় এবং সর্বশেষ গভর্নর-জেনারেলের নাম কি?*** [redacted])

**উত্তর।** শেষ ভাইসরয় — **লর্ড মাউন্টব্যাটেন।**

শেষ গর্ভনর-জেনারেল — **সি. রাজাগোপাল আচারী।**

**প্রশ্ন ৪১। *স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী ও প্রথম রাষ্ট্রপতি কে?***

**উত্তর।** প্রথম প্রধানমন্ত্রী — **জওহরলাল নেহরু।**

প্রথম রাষ্ট্রপতি — **ডঃ রাজেন্দ্রপ্রসাদ।**

**প্রশ্ন ৪২। *ভারতের ইতিহাসে ১৯৪৭ ও ১৯৫০ সালের ঘটনাবলীর পার্থক্য কোথায়?*** [redacted]

**উত্তর।** ১৯৪৭ খ্রীষ্টাব্দে ভারতে ব্রিটিশ শাসনের অবসান ঘটে এবং ভারতবর্ষ, পাকিস্তান এই দুটি ডোমিনিয়নের প্রতিষ্ঠা হয়। ১৯৫০ খ্রীষ্টাব্দে ভারতবর্ষ নতুন সংবিধানের ভিত্তিতে একটি প্রজাতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়।

Scanned with CamScanner

• লোকমান্য তিলকের কারাদণ্ড।

## ১৯০০ খ্রীষ্টাব্দ

• মহারাষ্ট্রে সাভারকর কর্তৃক "মিত্রমেলা" নামক বিপ্লবী সমিতি স্থাপন।

## ১৯০২ খ্রীষ্টাব্দ

• বাংলায় পি. মিত্র কর্তৃক "অনুশীলন সমিতি" স্থাপন।

## ১৯০৫ খ্রীষ্টাব্দ

• (ক) লর্ড কার্জন কর্তৃক বঙ্গ-ভঙ্গ প্রস্তাব ঘোষণা (২০শে জুলাই)
(খ) বঙ্গচ্ছেদ বলবৎ ও 'রাখীবন্ধন' পালন (১৬ই অক্টোবর)।
(গ) স্বদেশী ও বয়কট আন্দোলনের সূচনা।

## ১৯০৬ খ্রীষ্টাব্দ

(ক) কলিকাতায় কংগ্রেসের অধিবেশনে 'স্বরাজ' মূল রাজনৈতিক লক্ষ্য রূপে ঘোষণা।

(খ) সিমলায় লর্ড মিন্টোর সঙ্গে আগা খাঁর নেতৃত্বে মুসলমান প্রতিনিধিদলের সাক্ষাৎকার ও প্রতিবেদন পেশ (অক্টোবর)।

(গ) ঢাকায় মুসলিম লীগের প্রতিষ্ঠা (ডিসেম্বর)।

## ১৯০৭ খ্রীষ্টাব্দ

সুরাটে কংগ্রেসের অধিবেশনে চরমপন্থী ও নরমপন্থী গোষ্ঠীর প্রকাশ্য বিরোধ।

## ১৯০৮ খ্রীষ্টাব্দ

• মজফ্‌ফরপুরে ক্ষুদিরাম বসুর ফাঁসি।

## ১৯০৯ খ্রীষ্টাব্দ

• (ক) আলিপুর বোমার মামলার নিষ্পত্তি ও অরবিন্দের মুক্তিলাভ।
(খ) মর্লে-মিন্টো শাসন-সংস্কার ও মুসলমান সম্প্রদায়ের জন্য পৃথক নির্বাচকমণ্ডলী।

## ১৯১১ খ্রীষ্টাব্দ

• বঙ্গচ্ছেদ রদ ও দিল্লীতে রাজধানী স্থানান্তর।

## ১৯১৩ খ্রীষ্টাব্দ

• আমেরিকায় হরদয়াল কর্তৃক গদর পার্টির প্রতিষ্ঠা।

## ১৯১৪ খ্রীষ্টাব্দ

প্রথম বিশ্বযুদ্ধের সূচনা, বার্লিনে "ভারতীয় স্বাধীনতা কমিটি" স্থাপন।

Scanned with CamScanner

## ১৯১৫ খ্রীষ্টাব্দ

• লাহোর ষড়যন্ত্র মামলা ও বুড়ি বালাম নদীর তীরে বাঘা যতীনের সশস্ত্র সংগ্রাম।

## ১৯১৬ খ্রীষ্টাব্দ

• (ক) অ্যানি বেসান্ত কর্তৃক 'হোমরুল লীগ' প্রতিষ্ঠা।
(খ) লক্ষ্ণৌতে কংগ্রেসের অধিবেশনে কংগ্রেস ও মুসলিম লীগের চুক্তি।

## ১৯১৯ খ্রীষ্টাব্দ

• (ক) মার্চ—রাউলাট আইন জারি; (খ) মন্টেগু-চেমস্‌ফোর্ড শাসন-সংস্কার ও প্রদেশে দ্বৈত শাসন; (গ) ১৩ই এপ্রিল ঃ জালিয়ানওয়ালাবাগের নির্মম হত্যাকাণ্ড; (ঘ) খিলাফত আন্দোলনের সূচনা।

## ১৯২০ খ্রীষ্টাব্দ

(ক) লোকমান্য তিলকের মহাপ্রয়াণ। (খ) কলিকাতায় কংগ্রেসের বিশেষ অধিবেশনে খিলাফত আন্দোলন সমর্থন ও অসহযোগ-আন্দোলনের সিদ্ধান্ত গ্রহণ (আগস্ট)। (গ) নাগপুরে কংগ্রেসের বাৎসরিক অধিবেশন অসহযোগ-আন্দোলনের সিদ্ধান্ত মঞ্জুর। (ঘ) নিখিল ভারত উইনিয়ন কংগ্রেসের প্রতিষ্ঠা।

## ১৯২১ খ্রীষ্টাব্দ

দেশব্যাপী অসহযোগ-আন্দোলন; ভারতে প্রিন্স অব ওয়েলস্‌-এর আগমনে প্রতিবাদ ও হরতাল পালন।

## ১৯২২ খ্রীষ্টাব্দ

(ক) চৌরিচৌরায় থানা আক্রমণ ও হত্যাকাণ্ড (৪ঠা ফেব্রুয়ারী; (খ) গান্ধীজীর গ্রেপ্তার (মার্চ)।

## ১৯২৩ খ্রীষ্টাব্দ

• স্বরাজ্য দলের প্রতিষ্ঠা।

## ১৯২৫ খ্রীষ্টাব্দ

দেশবন্ধু চিত্তরঞ্জনের মহাপ্রয়াণ (জুন)।

## ১৯২৬-২৭ খ্রীষ্টাব্দ

• সাইমন-কমিশন ও প্রতিবাদ আন্দোলন ঃ লালা লাজপৎ রায়ের মৃত্যু।

## ১৯২৮ খ্রীষ্টাব্দ

নেহরু রিপোর্ট প্রকাশ—কলিকাতায় জাতীয় কংগ্রেসের অধিবেশন।
বোম্বাইয়ে সূতাকল শ্রমিকদের দীর্ঘ সংগ্রাম।

## ১৯২৯ খ্রীষ্টাব্দ

• মীরাট ষড়যন্ত্র মামলা (মার্চ, ১৯২৯ খ্রীঃ)।
লাহোরে কংগ্রেসের অধিবেশন ও পূর্ণ স্বাধীনতার প্রস্তাব গ্রহণ।

## ১৯৩০ খ্রীষ্টাব্দ

• (ক) ২৬শে জানুয়ারী ঃ স্বাধীনতা-দিবস উদ্‌যাপন (খ) লবণ-আইন ভঙ্গ, গান্ধীজীর ডাণ্ডি অভিযান (এপ্রিল); (ঘ) চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন (এপ্রিল)।

Scanned with CamScanner

## ১৯৩১ খ্রীষ্টাব্দ

• (ক) গান্ধী-আরউইন চুক্তি(মার্চ); (খ) ভগৎ সিংহের প্রাণদণ্ড। গান্ধীজী কর্তৃক লণ্ডনে গোলটেবিল বৈঠকে যোগদান (সেপ্টেম্বর)।

## ১৯৩২ খ্রীষ্টাব্দ

(ক) আইন-অমান্য আন্দোলনের দ্বিতীয় পর্যায়; (খ) সাম্প্রদায়িক বাঁটোয়ারা—গান্ধীজীর অনশন ও পুণা-চুক্তি (সেপ্টেম্বর)।

## ১৯৩৪ খ্রীষ্টাব্দ

কংগ্রেস সমাজতন্ত্রীদলের প্রতিষ্ঠা (অক্টোবর)

ভারতের কমিউনিস্ট পার্টির উপর নিষেধাজ্ঞা।

(H. S. 1980)

## ১৯৩৫ খ্রীষ্টাব্দ

ভারত শাসন আইন ও প্রাদেশিক স্বায়ত্তশাসন প্রবর্তন।

## ১৯৩৭ খ্রীষ্টাব্দ

সাতটি প্রদেশে কংগ্রেসের সংখ্যাগরিষ্ঠতা অর্জন ও মন্ত্রিসভা গঠন।

## ১৯৩৯ খ্রীষ্টাব্দ

(ক) (মার্চ) সুভাষ বসুর সভাপতিত্বে ত্রিপুরীতে অনুষ্ঠিত কংগ্রেসের অধিবেশন, সুভাষ বসুর সঙ্গে গান্ধীজীর মতানৈক্য, এপ্রিলে কংগ্রেস সভাপতির পদ থেকে সুভাষ বসুর ইস্তফা দান ও ফরওয়ার্ড ব্লক গঠন। (খ) দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা (১লা সেপ্টেম্বর)। (গ) প্রাদেশিক মন্ত্রিসভা থেকে কংগ্রেসের পদত্যাগ (নভেম্বর)।

## ১৯৪০ খ্রীষ্টাব্দ

• (ক) লাহোরে অনুষ্ঠিত মুসলিম লীগের অধিবেশনে পাকিস্তান প্রস্তাব গ্রহণ (মার্চ); (খ) গান্ধীজীর নেতৃত্বে ব্যক্তিগত সত্যাগ্রহ-আন্দোলনের সূচনা (অক্টোবর)।

## ১৯৪১ খ্রীষ্টাব্দ

সুভাষচন্দ্র বসুর অন্তর্ধান (জানুয়ারী)।

## ১৯৪২ খ্রীষ্টাব্দ

(ক) ক্রীপস্-মিশন (মার্চ); (খ) বোম্বাই নিখিল ভারত কংগ্রেস কমিটি কর্তৃক 'ভারত ছাড়ো' প্রস্তাব গ্রহণ (৮ই আগস্ট), গান্ধীজী এবং নেতৃবৃন্দের গ্রেপ্তার ও আগস্ট আন্দোলন।

## ১৯৪৩ খ্রীষ্টাব্দ

নেতাজী সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে আজাদ হিন্দ সরকার গঠন (অক্টোবর)।

## ১৯৪৫ খ্রীষ্টাব্দ

(ক) দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসান, (খ) সিমলায় ভারতীয় নেতৃবৃন্দের বৈঠক (জুন), (গ) ব্রিটেনে এটলীর প্রধান মন্ত্রিত্বে শ্রমিকদলের সরকার গঠন (জুলাই), (ঘ) দিল্লীর লালকেল্লায় ধৃত আজাদ হিন্দ বাহিনীর সৈন্যদের ঐতিহাসিক বিচার (নভেম্বর)।

## ১৯৪৬ খ্রীষ্টাব্দ

• (ক) বোম্বাই-এ নৌ-বিদ্রোহ (ফেব্রুয়ারী), (খ) তিনসদস্য বিশিষ্ট মন্ত্রিমিশনের ভারত আগমন (মার্চ) ও মন্ত্রিমিশন পরিকল্পনা (মে), (গ) মুসলিম লীগের প্রত্যক্ষ সংগ্রাম ও

Scanned with CamScanner

কলিকাতায় দাঙ্গা (১৬ই আগস্ট), (ঘ) নেহরুর নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠন (২রা সেপ্টেম্বর)।

১৯৪৭ খ্রীষ্টাব্দ

• (ক) ব্রিটিশ পার্লামেন্টে ভারতীয়দের নিকট ক্ষমতা হস্তান্তরের সিদ্ধান্ত (২০শে ফেব্রুয়ারী), (খ) মাউন্টব্যাটেন পরিকল্পনা ও ভারত বিভাগের সিদ্ধান্ত (জুন), (গ) ভারতের স্বাধীনতা লাভ, ভারত ও পাকিস্তান রাষ্ট্র গঠন (১৫ই আগস্ট)।

১৯৪৮ খ্রীষ্টাব্দ

মহাত্মা গান্ধীর মহাপ্রয়াণ (৩০শে জানুয়ারী)।

১৯৫০ খ্রীষ্টাব্দ

• ভারতে প্রজাতন্ত্র প্রতিষ্ঠা (২৬শে জানুয়ারী)। ডাঃ রাজেন্দ্রপ্রসাদ ভারতের প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত।

Scanned with CamScanner